



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন

Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : +88 02 9101508, 48116358, 58156619, Fax : +88 02 9125338
E-mail : btmasg@gmail.com, btma2@yahoo.com, Web : www.btmadhaka.com

বিটিএমএ.বিএস.০১৯.৬৬৯

আগষ্ট ১৩, ২০২২


বিষয় : বিদ্যুৎ সরবরাহ নির্বিল্ল করার লক্ষ্যে দেশের শিল্পাঞ্চল সমূহে ভিন্ন ভিন্ন দিনে সাপ্তাহিক ছুটি পুনর্বিন্যাস (Holiday Staggering) সম্পর্কিত প্রজ্ঞাপনটি ক্যাপটিভ পাওয়ার জেনারেশন সংশ্লিষ্ট শিল্পের জন্য প্রযোজ্য নয় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কল কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ও শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ১১-০৮-২০২২ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নম্বর ৪০.০১.০০০০.১০২.৯৯.০০৭.১৬-১২১০ এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী দেশের শিল্পাঞ্চলসমূহে বিদ্যুৎ সরবরাহ নির্বিল্ল করার লক্ষ্যে ভিন্ন ভিন্ন দিনে সাপ্তাহিক ছুটি পুনর্বিন্যাস করা হয়েছে তথা উক্ত প্রজ্ঞাপনের কলাম ৪ এ বৈদ্যুতিক অঞ্চল/শিল্প এলাকায় সাপ্তাহিক ছুটি ঘোষণা করা হয়েছে।

বর্ণিত প্রজ্ঞাপনে ক্যাপটিভ খাতে যে সকল শিল্প-কারখানা পরিচালিত হয় তাদের জন্য সাপ্তাহিক ছুটি পুনর্বিন্যাস (Holiday Staggering) করার কোন নির্দেশনা না থাকায় সমিতির সদস্যভুক্ত মিল যারা ক্যাপটিভ পাওয়ার জেনারেশনের মাধ্যমে মিল পরিচালনা করে তাদের ক্ষেত্রে উক্ত প্রজ্ঞাপনটি প্রযোজ্য নয় বলে সমিতি মনে করে। প্রসঙ্গত উল্লেখ্য যে গত ০৭-৮-২০২২ তারিখে মাননীয় বিদ্যুৎ প্রতিমন্ত্রী মহোদয়ের সহিত অনুষ্ঠিত সভায় বিটিএমএ'র প্রতিনিধি উপস্থিত ছিলেন এবং উক্ত সভায় ক্যাপটিভ পাওয়ার দ্বারা যে সকল টেক্সটাইল মিলস পরিচালিত হয় তাদের বিষয়টি উত্থাপিত হলে ছুটির পুনর্বিন্যাস সম্পর্কিত কোন সিদ্ধান্ত হয়নি।

যাহোক, কোন সদস্য মিল যদি উক্ত প্রজ্ঞাপনের আলোকে কোন ধরণের সমস্যার সম্মুখীন হন তাহলে এ বিষয়ে যথাযথ পদক্ষেপ ও করণীয় সম্পর্কে বিটিএমএ'র অতিরিক্ত পরিচালক, সিইও (ইন-চার্জ) (মোবাইল- ০১৮১৯২৫০০০৭) এর সমন্বয়ে গঠিত সেলের সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হচ্ছে। উক্ত সেলের অন্যান্য সদস্যবৃন্দ হচ্ছে জনাব মহিউদ্দিন আহমেদ, ডেপুটি সেক্রেটারী (মোবাইল- ০১৬৭১৪৪৬৮০৩) ও জনাব জিয়াউল হাসান চৌধুরী, সহকারী সচিব (মোবাইল-০১৭১১৩১৫৩১৭)।


(মনসুর আহমেদ)
অতিরিক্ত পরিচালক ও
সিইও (ইন-চার্জ)

বিতরণ : ব্যবস্থাপনা পরিচালক, সকল সদস্য মিল, বিটিএমএ।